**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং সমবায় মন্ত্রী অমিত শাহ গুয়াহাটিতে আজ উত্তর-পূর্ব-এর রাজ্যগুলিতে তিনটি নতুন ফৌজদারি আইন বাস্তবায়নের বিষয়ে এক পর্যালোচনা বৈঠক করেন|**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, রাশিয়া ও ইউক্রেন আলোচনার টেবিলে এলে সংঘাতের সমাধান হবে|**

**(৩) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্য নিয়ে কাজ করছে|**

**(৪) ভিজ্জি ট্রফি সর্বভারতীয় আন্ত: জোন মহাবিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতায় পশ্চিম জোন চ্যাম্পিয়ন হয়েছে।**

**********************************************

## Amit Shah-Meetings with NE CM's:

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং সমবায় মন্ত্রী অমিত শাহ গুয়াহাটিতে আজ উত্তর-পূর্ব-এর রাজ্যগুলিতে তিনটি নতুন ফৌজদারি আইন বাস্তবায়নের বিষয়ে এক পর্যালোচনা সভায় পৌরহিত্য করেন| বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী “New Criminal Laws: Standard Operating Procedures and rules” শিরোনামে আসামের CID-র সংকলিত একটি বইয়ের আবরণ উন্মোচন করেন|

বৈঠকে উত্তর-পূর্ব রাজ্যগুলিতে পুলিশ, কারাগার, আদালত, বিচার বিভাগ এবং ফরেন্সিক সম্পর্কিত বিভিন্ন নতুন বিধানের বাস্তবায়ন এবং বর্তমান

অবস্থার পর্যলোচনা করা হয়| আজকের এই বৈঠকে আসাম, অরুনাচল প্রদেশ, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, ত্রিপুরা এবং সিকিমের মুখ্যমন্ত্রী ও মনিপুরের রাজ্যপাল উপস্থিত ছিলেন| কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব, উত্তর-পূর্ব রাজ্যগুলির মুখ্য সচিব, পুলিশ মহা নির্দেশক, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক এবং রাজ্য সরকারের উর্দ্ধতন কর্মকর্তারাও বৈঠকে উপস্থিত ছিলেন|

************************

**PM:**

প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি জোর দিয়ে বলেছেন ভারত যখনই শান্তির কথা বলে তখনই বিশ্ব তা শোনে কারণ এটি গৌতম বুদ্ধ এবং মহাত্মা গান্ধীর দেশ। এ আই গবেষক এবং পটকা স্টারলেক্স ফ্রিডম্যানের সাথে একটি পডকাস্টে শ্রী মোদি বলেছেন ভারতীয়রা সম্প্রীতিকে সমর্থন করে এবং শান্তির পক্ষে দাঁড়ায়। রাশিয়া, ইউক্রেন সংঘাত সম্পর্কে এক প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেছেন, উভয় দেশ আলোচনায় টেবিলে এলে কেবল তখনই এটি সংঘাতের সমাধান হবে। প্রধানমন্ত্রী মোদী পাকিস্তানের সাথে সুসম্পর্কের বিষয়ে তার সরকারের প্রচেষ্ঠার কথা উল্লেখ করেন| কিন্তু প্রতিবেশী দেশ শত্রুতা দেখিয়েছে| তিনি আশা করেন, প্রতিবেশীর মধ্যে জ্ঞানের বিকাশ ঘটবে|

########Byte PM########

ভারত চীন সম্পর্কের বিষয়ে শ্রীমোদী বলেন, পূর্ববর্তী শতাব্দীতে ভারত ও চীনের মধ্যে সংঘাতের কোন বাস্তব ইতিহাস নেই। ভারত চীনের মধ্যে শক্তিশালী সম্পর্ক ভবিষ্যতের ও অব্যাহত থাকা উচিত। প্রতিবেশী দেশগুলির মধ্যে মাঝে মাঝে মতবিরোধ ঘটতেই পারে। তবে তা যাতে বিরোধী পরিণত না হয় তা নিশ্চিত করাই প্রধান লক্ষ্য বলে শ্রী মোদী মতামত ব্যক্ত করেন।

************************

## Raisina Dialogue-2025:

আগামীকাল থেকে নতুন দিল্লিতে শুরু হচ্ছে রাইসিনা সংলাপ ২০২৫। এটি ভারতে আয়োজিত ভূ-রাজনীতি ও ভূ-অর্থনীতি সংক্রান্ত সর্ববৃহৎ সম্মেলন। এই বছর এই সম্মেলনের দশম সংস্করণ। সম্মেলন চলবে ১৯ মার্চ পর্যন্ত। এবারের থিম কলাচক্র- পিউপল, প্লেস, প্ল্যানেট। আগামীকাল রাইসিনা ডায়লগের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সন। উপস্থিত থাকবেন ১৮টি দেশের বিদেশ মন্ত্রী, বাণিজ্যিক সংস্থার প্রধান ও বিদেশনীতির বিশেষজ্ঞরা।

ইতিমধ্যেই নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সন পাঁচদিনের ভারত সফরে নয়াদিল্লিতে পৌঁছেছেন| তাঁর সাথে রয়েছেন মন্ত্রী, উর্ধ্বতন কর্মকর্তা, ব্যবসায়ী, গণমাধ্যম এবং ভারতীয় প্রবাসী সম্প্রদায়ের সদস্যদের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল| নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রীর এই সফরে লক্ষ্য উভয় দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও শক্তিশালী করা, সকল ক্ষেত্রে সম্পর্ক আরও গভীর করা এবং জনগনের সাথে মানুষের সংযোগ বৃদ্ধির প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করা|

************************

## Amit Shah:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে বোড়োল্যান্ড এলাকার উন্নয়নের জন্য কেন্দ্র প্রতিশ্রুতিবদ্ধ। কোকরাঝাড় জেলার দোটমায় অল বোড়ো স্টুডেন্টস ইউনিয়নের ৫৭ তম বার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং সমবায় মন্ত্রী অমিত শাহ একথা বলেন| তিনি আরও বলেন, বোড়ো চুক্তির সমস্ত ধারা পূরণে কেন্দ্র প্রতিশ্রুতিবদ্ধ। ইতিমধ্যেই চুক্তির ৮২ শতাংশ পূরণ করা হয়েছে| বাকিগুলি আগামী দুই বছরের মধ্যে পূরণ করা হবে

বলে তিনি জানান| অনুষ্ঠানে আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মাও বক্তব্য রাখেন|

########Byte Amit Shah########

************************

**RBI-PM:**

ডিজিটাল ট্রান্সফর্মেশন এওয়ার্ড 2025-এর জন্য নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আরবিআই এর প্রশংসা করেছেন। লন্ডনের কেন্দ্রীয় ব্যাংক এই অ্যাওয়ার্ড প্রদান করবে। সামাজিক মাধ্যমে শ্রী মোদী RBI-এর প্রশংসা করে বলেছেন যে এই কৃতিত্ব শাসনব্যবস্থা উদ্ভাবনা এবং দক্ষতার প্রতি জোর দেওয়ার প্রতিফলন। তিনি আরো বলেন, ডিজিটাল উদ্ভাবন ভারতের আর্থিক অবস্থাকে শক্তিশালী করে চলেছে।

************************

**PMMSY-UNAKOTI:**

ভারত সরকারের প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা'য় কৈলাশহর মহকুমার চন্ডীপুর ও গৌরনগর ব্লক এলাকার আট হেক্টর জমিতে পুকুর খনন করা হয়েছে। মৎস্য তত্বাবধায়ক প্রনব কান্তি নাথ জানান, খনন কাজে হেক্টর প্রতি ব্যয় হয়েছে ৮ লক্ষ ৮৪ হাজার টাকা। মোট ৫২ জন সুবিধাভোগী এতে উপকৃত হয়েছেন বলে তিনি জানান।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

************************

**Distribution of agri mechine killa:**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্য নিয়ে কাজ করছে| উদয়পুর মহকুমায় আঠারভোলা এডিসি এলাকায় গ্রামীন মার্কেট স্টলের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কৃষিমন্ত্রী একথা বলেন l কৃষিমন্ত্রী বলেন, কৃষকদের কৃষি যন্ত্রপাতি থেকে শুরু করে সার বীজ কীটনাশক সবকিছু কৃষকদের হাতে তুলে দিচ্ছে সরকার l

আজকের এই অনুষ্ঠানেও বিভিন্ন কৃষি যন্ত্রপাতি কৃষকদের হাতে তুলে দেওয়া হয়| অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এ ডিসির সি ই এম পূর্ন চন্দ্র জমাতিয়া, এলাকার বিধায়ক রামপদ জমাতিয়া সহ কৃষি দপ্তরের আধিকারিকগন।

************************

**New School:**

কুমারঘাটের আশ্রমপল্লীতে আজ বে-সরকারী উদ্যোগে গড়ে ওঠা শিশুদের জন্য একটি ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। উপস্থিত ছিলেন,কুমারঘাট পুর পরিষদের ভাইস-চেয়ারম্যান পবন পাল সহ অন্যান্যরা l

************************

**Cloth Distribution:**

প্রয়াত সাংবাদিক ধূজুটী প্রসাদ দেব এর তৃতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আজ কৈলাশহর প্রেস ক্লাবে বস্ত্রদান কর্মসূচির আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ,কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়,গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মোঃ বদরুজ্জামান প্রমুখ।

************************

**Memory/Blood Donation:**

বিষ্ণুপ্রিয়া মণিপুরী ভাষার ভাষা আন্দোলনের অন্যতম কুমারী সুদেষ্ণা সিংহ এর ত্রিশতম মৃত্যু দিবস উপলক্ষে আজ কৈলাশহরের চিড়াকুটিতে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শাঁচাক ক্লাবের উদ্যোগে আয়োজিত এই শিবিরে দুইজন মহিলা সহ কুড়িজন রক্তদান করেন। আজ সকালে শ্রদ্ধা নিবেদনের পর সন্ধ্যায় সুদেষ্ণা সিংহ নিংশিঙ কমিটির উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

উল্লেখ্য, ১৯৯৬ সনে আজকের দিনে আসামের বরাক উপত্যকার কলকলিঘাট রেল স্টেশনে বিষ্ণুপ্রিয়া মণিপুরী ভাষার জন্য আন্দোলন করতে গিয়ে কুমারী সুদেষ্ণা সিংহ-এর মৃত্যু হয়।

************************

**Blood donation DYFI :**

বিপ্লবী ভগৎ সিং এর ৯৫ তম প্রয়াণ দিবস উপলক্ষে আজ ডিওয়াইএফআই মোহনপুর বিভাগের উদ্যোগে বামুটিয়া কালি বাজারে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সিপিআইএম

পলিটবুরোর সদস্য মানিক সরকার। তিনি বলেন, দলমত ধর্ম বর্ণ নির্বিশেষে মানুষের ঐক্য সংহতি রক্ষায় এই ধরনের কর্মসূচি আগামী দিনে জারি রাখার জন্য উদ্যোক্তাদের কাছে আহ্বান জানান।শ্রী সরকার রাজ্যের স্বাস্থ্য, শিক্ষা ব্যবস্থার সমালোচনা করেন| শিবিরে উপস্থিত ছিলেন ডি ওয়াই এফ আই মোহনপুর বিভাগীয় কমিটির সম্পাদক তথা বিধায়ক নয়ন সরকার, সভাপতি সুব্রত গোপ সহ অন্যান্যরা।

************************

**Blood donation-Sushanta Chowdhury:**

গোর্খাবস্তীস্থিত কুঞ্জবন সেবক সংঘের উদ্যোগে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে বক্তব্য রাখতে গিয়ে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, রক্তদান শিবিরের আয়োজন করে সাধারণ মানুষকে রক্তদানে উৎসাহিত করতে হবে। আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিজেপি নেত্রী পাপিয়া দত্ত সহ অন্যান্যরা এই শিবিরে উপস্থিত ছিলেন| আজকের এই শিবিরে মোট ৫0 জন রক্তদান করেন।

************************

**BSF Sonamura:**

সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার মতিনগর আন্তর্জাতিক সীমান্তে গতকাল মধ্যরাতে বাংলাদেশ পাচারকালে ১৮৭ টি বিভিন্ন কোম্পানির মোবাইল ফোন বাজেয়াপ্ত করতে সক্ষম হয়েছে বিএসএফ ৮১ নম্বর বাহিনীর জওয়ানরা |যার আনুমানিক বাজারমূল্য ৪২ লক্ষ ১0 হাজার ৪00 টাকা। গোপন খবরের ভিত্তিতে মতিনগর বিওপির জওয়ানরা পাচার বিরোধী এই অভিযানে নামলে সীমান্তের তারকাটার বেড়ার কিছুটা আগে কার্টুন ভর্তি মোবাইল ফোনগুলি ফেলে পালিয়ে যায় পাচারকারীরা। বিএসএফ ৮১ নম্বর বাহিনীর কমান্ডেন্ট রাকেশ সিনহা, ইন্সপেক্টর রামনারায়ণ মিনা এ সংবাদ জানিয়েছেন।

***********************

**Vijji Trophy:**

ভিজ্জি ট্রফি সর্বভারতীয় আন্ত: জোন মহাবিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতায় পশ্চিম জোন চ্যাম্পিয়ন হয়েছে। আজ এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় পশ্চিম জোন ৫৬ রানে দক্ষিণ জোনকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে পশ্চিম জোন ৪৯ ওভার ১ বল-এ সবকটি উইকেট হারিয়ে ২১৪ রান করে। জবাবে দক্ষিণ জোন ৪৪ ওভার ৫ বল-এ ১৫৮ রানে সবাই আউট হয়ে যায়।

***********************

**T-20 Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্লাব ক্রিকেটের আজ ছয়টি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে দুটি খেলায় চলমান সংঘ ৬২ রানে ইউনাইটেড বি এস টি'কে এবং শতদল সংঘ ৪ উইকেটে পোলস্টার ক্লাবকে পরাজিত করে। অপরদিকে, মেলাঘরের মাঠে দুটি খেলায় ব্লাডমাউথ ক্লাব ৩ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে এবং সংহতি ক্লাব ১৪৮ রানে মৌচাক ক্লাবকে হারিয়ে দেয়। এছাড়া নরসিংগড়ের পিটিএ মাঠে দুটি খেলায় স্ফুলিঙ্গ ক্লাব ৫ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং কসমোপলিটান ক্লাব ৬ উইকেটে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

***********************

***********************